গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা
(www.sid.gov.bd)

# SAARCSTAT এর ৯ম সভাটি ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ানে সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী:

সভার তারিখ ও সময় : ০১ এপ্রিল, ২০১৮ খ্রিঃ, দুপুর: ০৩.০০ ঘটিকা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ (ব্লক-বি)
সভাপতি : সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, ভারপ্রাপ্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সূচনা বক্তব্যে সভাপতি বলেন- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসাবে সরকারি পরিসংখ্যান প্রণয়ন করছে। SAARCSTAT এর ৯ম সভা আগামী ১১-১৩ এপ্রিল, ২০১৮ সময়ে ০৩ (তিন) দিন ব্যাপী বাংলাদেশের রাজধানী ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ানে অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এ সভাটি সফলভাবে সম্পন্নের জন্য যাতে কোন রকম ঘাটতি না থাকে তার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত সতর্কতার সাথে দায়িত্ব পালনের আহবান জানান এবং সভাটি সফলভাবে সম্পন্নের নিমিত্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি এবং করণীয় বিষয়সমূহ জানতে চান। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সমন্বয় কমিটির সভাপতি ০৩ (তিন) দিন ব্যাপী ৯ম সভা সফলভাবে সম্পন্নের নিমিত্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা, মতবিনিময় শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | সভার তারিখ ও ভেনু নির্বাচন | আগামী ১১-১৩ এপ্রিল, ২০১৮ সময়ে SAARCSTAT এর ৯ম সভা ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ান এর জাফলং সভা কক্ষে অনুষ্ঠিত হবে। | |
| ০২। | সভাপতি নির্বাচন | ভারতে অনুষ্ঠিত SAARCSTAT এর ৮ম সভার সভাপতি (মহাপরিচালক) ৯ম সভার সভাপতি হিসেবে বিবিএস এর মহাপরিচালককে দায়িত্বভার অর্পণ করবেন। | |
| ০৩। | প্রধান অতিথি | আগামী ১১ এপ্রিল, ২০১৮ তারিখে উদ্বোধনী সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত সচিব প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। | |
| ০৪। | পর্যবেক্ষক | উন্নয়ন সহযোগী সংস্থা Paris 21 এবং FAO হতে আগত প্রতিনিধিদ্বয় পর্যবেক্ষক হিসেবে অংশগ্রহণ করবেন এবং ৯ম সভায় তাদের পক্ষে পেপার উপস্থাপন করবেন। | |
| ০৫। | বিশেষজ্ঞ অতিথি | Gender Statistics এর উপর একটি পেপার উপস্থাপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রফেসর জনাব বজলুল হক খন্দকার এবং প্রফেসর তানিয়া হক-কে নির্বাচন করা হয়। | ০২/০৪/২০১৮ তারিখে বিবিএস খসড়া উপস্থাপন করবেন। |
| ০৬। | উপস্থাপক নির্বাচন | Inaugural Session- এ বেগম আয়শা আক্তার মিলি এবং আশিকা শারমিন উপস্থাপকের দায়িত্ব পালন করবেন। | |
| ০৭। | SAARCSTAT এর ৯ম সভায় বিভিন্ন পর্যায়ের অংশগ্রহণকারী প্রতিনিধিদের সম্ভাব্য সংখ্যা। | সার্কভূক্ত সদস্য দেশসমূহের মধ্য হতে ভারত (ডিজিসহ ২ জন), মালদ্বীপ (চীফ স্ট্যাটিসটিশিয়ান নিজে-১ জন), ভূটান (৩ জন), পাকিস্তান (পরিসংখ্যান বিভাগের সচিবসহ ২ জন) ও শ্রীলংকা (৩ জন) সহ এ পর্যন্ত মোট ১১ জনের নমিনেশন পাওয়া গেছে। এ সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস হতে ১২ জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন। | |
| ০৮। | ১২ এপ্রিল, ২০১৮ তারিখে আনুষ্ঠানিক নৈশভোজ | ১২/০৪/২০১৮ তারিখ সন্ধ্যায় আনুষ্ঠানিক নৈশভোজের আয়োজন করতে হবে। একোমোডেশন ও ফুড কমিটি এ দায়িত্ব পালন করবে। দাওয়াত কার্ড ছাপাতে হবে। | |
| ০৯। | ৯ম সভায় বাংলাদেশী প্রতিনিধিদের মনোনয়ন | মহাপরিচালক, বিবিএসকে টিম লিডার করে ১২ জন কর্মকর্তার মনোনয়ন প্রশাসন অনুবিভাগ হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | |

| | | | |
|---|---|---|---|
| | পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ | কর্মকর্তাগণ হলেন-<br>বিবিএস-এর মহাপরিচালক জনাব মোহাম্মদ আমির হোসেন, (হেড অব দি ডেলিগেশন), পার্টিসিপেন্টস হিসেবে পরিচালক জনাব জাফর আহম্মেদ খাঁন, জনাব ঘোষ সুব্রত, জনাব আবুল কালাম আজাদ, জনাব মোঃ জাহিদুল হক সরদার, জনাব কবির উদ্দীন আহমেদ, উপ-সচিব ড. দিপংকর রায়, জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক জনাব এ. কে. এম আশরাফুল হক, বিবিএস এর উপ-পরিচালক, জনাব মোঃ সাহবুদ্দিন সরকার, জনাব মহিউদ্দিন আহমেদ, মোঃ আলমগীর হোসেন এবং সিনিয়র সহকারী সচিব জনাব কালাচাঁদ সরকার। | |
| ১০। | কমিটি গঠন | ইতিমধ্যে ৯ম সভা সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত ০৭ টি কমিটি গঠন করা হয়। কমিটিসমূহ তাদের স্ব স্ব দায়িত্ব পালন করবে। | |
| ১১। | গঠিত কমিটিসমূহের কার্যক্রম | **রিসিপশন ও প্রটোকল কমিটি:** বিবিএস এর পরিচালক (যুগ্ম-সচিব) কাইয়ুম আরা বেগম এর তত্ত্বাবধানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্ম-সচিব জনাব মোঃ তরিকুল আলমসহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ বিমান বন্দরে আমন্ত্রিত বিদেশী অতিথিদের আগমন ও প্রর্তাবতনকালে অভ্যর্থনা ও বিদায় শুভেচ্ছা জানাবেন। শুক্রবার বিকালে সাইটসিং এর ব্যবস্থাসহ প্রটোকল সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন করবেন। এ কমিটিতে দায়িত্বপালনরত ২ জন কর্মকর্তা অন্যত্র বদলী হওয়ায় এ ০২ জন কর্মকর্তার পরিবর্তে ০৩ জন কর্মকর্তা উপ-সচিব বেগম রুবিনা ফেরদৌসী, জনাব শেখ মুর্শিদুল ইসলাম এবং সিনিয়র সহকারী সচিব, জনাব কালাচাঁদ সরকার এর নাম অন্তর্ভূক্তির সিদ্ধান্ত গৃহীত হয়। আমন্ত্রিত অতিথিদের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিচালক ও প্রধান নিরাপত্তা কর্মকর্তা, হযরত শাহজালাল (রহ:) আন্তর্জাতিক বিমান বন্দর বরাবর পত্র প্রেরণের ব্যবস্থা নিবেন। (সার্বিক ব্যবস্থাপনায়- উপ-সচিব, জনাব মোঃ আবুল বাশার থাকবেন)।<br><br>**একোমোডেশন ও ফুড কমিটি:** হোটেল লা-মেরিডিয়ানে প্রয়োজনীয় সংখ্যক রুম রিজারভেশন রাখা নিশ্চিত করবেন। ১১ তারিখে উদ্বোধনী সভা, দুপুরের লাঞ্চ এবং ১২ তারিখে ফরমাল ডিনার এর বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এসব অনুষ্ঠানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ৫ জন কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>**পাবলিসিটি কমিটি:** এয়ারপোর্টের সামনে ফুট ওভার ব্রিজ এর সাথে একটি করে SAARCSTAT এর ৯ম সভার ব্যানার স্থাপন করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের আঞ্চলিক নিবার্হী কর্মকর্তার অনুমতি নিতে হবে। তাছাড়া, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েব সাইটে এ বিষয়ে তথ্য আপলোড করতে হবে। স্থিরচিত্রসহ অনুষ্ঠানটির ভিডিও ধারণ করতে হবে। ভেনু সাজানো, অনুষ্ঠান স্থলে ব্যাকড্রপ লাগাতে হবে। এ কমিটি অতিথিদের জন্য গলায় ঝুলানো ব্যাচ, উন্নতমানের বাংলাদেশী ব্যাগ, পেনড্রাইভ, নোট বুক, পেন (9th Meeting of The Heads of SAARCSTAT লিখিত), ডকুমেন্টস ইত্যাদি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সভাস্থলে উন্নতমানের (পরিস্কার-পরিচ্ছন্ন) স্ট্যান্ডসহ টেবিল ফ্লাগ এবং টেবিলের পিছনে সার্কভূক্ত সকল দেশের জাতীয় পতাকা দিতে হবে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় ফ্লাগ সরবরাহ করবে। ফ্লাগ সংগ্রহের নিমিত্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। এ কমিটিতে বিবিএস এর উপ-পরিচালক জনাব মোঃ মাহমুদুজ্জামান এর পরিবর্তে বিবিএস এর প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ রফিকুজ্জামান এর নাম অন্তর্ভূক্ত করতে হবে।<br><br>**প্রেস কমিটি:** SAARCSTAT এর ৯ম সভা শুরুর এক দিন আগে | |

| | | | |
|---|---|---|---|
| | | একটি প্রেস রিলিজ দিতে হবে। এ বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট গণ সংযোগ কর্মকর্তার সহোযোগিতা নিতে হবে। SAARCSTAT এর ৯ম সভার প্রচারের জন্য BTV, BSS, UNB - কে অনুরোধ জানাতে হবে। এ বিষয়ে আজই সভা করতে হবে। | |
| ১২। | আমন্ত্রিত অতিথিদের সাইট সিইং এর ব্যবস্থা গ্রহণ | সাভার স্মৃতিসৌধ পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাহী কর্মকর্তা, পিডব্লিউডি এর কর্মকর্তা এবং স্থানীয় থানার পুলিশ প্রশাসন-কে জানাতে হবে। প্রটোকল কমিটি এ দায়িত্ব পালন করবে। | |
| ১৩। | SAARCSTAT এর ৯ম সভার ব্যয় | SAARCSTAT এর ৯ম সভার জন্য প্রাপ্ত বাজেট বরাদ্দ হতে ১০ লক্ষ টাকা অগ্রিম উত্তোলনের জন্য বিবিএস এ বিভাগকে আনুষ্ঠানিকভাবে পত্র প্রেরণ করবে। প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ১৪। | SAARCSTAT এর ৯ম সভার জন্য লজিস্টিক নোট এবং প্রভিশনাল এজেন্ডা পররাষ্ট্র মন্ত্রণালয় প্রেরণ | SAARCSTAT এর ৯ম সভার জন্য ইতিমধ্যে প্রভিশনাল এজেন্ডা সরাসরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিবিএস প্রেরণ করেছে। লজিস্টিক নোট এবং প্রভিশনাল এজেন্ডা বিবিএস থেকে এ বিভাগে পাওয়ার পর সচিব মহোদয়ের অনুমোদন নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রেরণ করতে হবে। | |
| ১৫। | SAARCSTAT এর ৯ম সভার চূড়ান্ত প্রস্তুতি গ্রহণের জন্য সার্ক সচিবালয় থেকে আমন্ত্রিত অতিথির মধ্যে দুই জন কর্মকর্তাকে সভা শুরুর অন্ত:ত ০১ দিন পূর্বে ঢাকায় আমন্ত্রণ জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় পত্র প্রেরণ | SAARCSTAT এর ৯ম সভার চূড়ান্ত প্রস্তুতি গ্রহণের জন্য সার্ক সচিবালয় থেকে আমন্ত্রিত অতিথির মধ্যে হতে দুই জন কর্মকর্তাকে সভা শুরুর অন্ত:ত ০১ দিন পূর্বে ঢাকায় আমন্ত্রন জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ১৬। | টেকনিক্যাল কমিটি গঠন | SAARCSTAT এর ৯ম সভা অনুষ্ঠানের জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠন করা সিদ্ধান্ত গৃহীত হয়। এ কমিটিতে এ বিভাগের উপ-সচিব ড. দিপংকর রায়, বিবিএস এর পরিচালক জনাব আবুল কালাম আজাদ, প্রাক্তন পরিচালক, জনাব শামসুল আলম এবং বিবিএস এর উপ-পরিচালক, জনাব মোঃ সাহাবুদ্দীন থাকবেন। এ কমিটি বিভিন্ন টেকনিক্যাল বিষয়ে সহযোগিতা প্রদানসহ হোটেলে একটি কম্পিউটার, প্রিন্টার, ফটোকপিয়ার ও স্ক্যানার ইত্যাদি সভাকালীন সময়ে ব্যবহার নিশ্চিত করবেন। পরিচালক, জনাব আবুল কালাম আজাদ, আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। | |
| ১৭। | চেক লিষ্ট প্রস্তুতকরণ | ৯ম সভাটি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য যাবতীয় কার্যক্রমের একটি চেক লিষ্ট প্রস্তুত করতে হবে। এ বিষয়ে ফোকাল পারসন জনাব আবুল কালাম আজাদ (পরিচালক বিবিএস) দায়িত্ব পালন করবেন। | |

সভাপতি SAARCSTAT এর ৯ম সভাটি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহনকারী কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সৌরেন্দ্র নাথ চক্রবর্তী)
ভারপ্রাপ্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০১৯.০০৬.৬৬.১৭- ৫৭ তারিখ: ০২-০৪-২০১৮ খ্রি:

বিতরণ: নির্দেশক্রমে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

০১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: মহাপরিচালক, SAARC & BIMSTEC Wing)।
০২। মহাপরিচালক, বিবিএস, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। উপ-মহাপরিচালক, বিবিএস, ঢাকা।
০৫। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৬। বেগম কাইয়ুম আরা, পরিচালক (যুগ্ম-সচিব), বিবিএস, ঢাকা।
০৭। জনাব মোঃ তরিকুল আলম, যুগ্ম-সচিব ও আহবায়ক, প্রটোকল কমিটি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৮। জনাব জাফর আহম্মেদ খান, পরিচালক (যুগ্ম-সচিব), বিবিএস, ঢাকা।
০৯। জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন, উপ-সচিব ও আহবায়ক, প্রেস কমিটি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১০। উপ-সচিব (উন্নয়ন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১১। জনাব মোঃ আবুল বাশার, উপ-সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১২। ড. দিপংকর রায়, উপ-সচিব ও আহবায়ক, রিসিপশন কমিটি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৩। জনাব মোঃ দিলদার হোসেন, উপ-সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৪। জনাব ঘোষ সুব্রত, পরিচালক, বিবিএস, ঢাকা।
১৫। জনাব জাহিদুল হক সরদার, পরিচালক ও আহবায়ক, একোমোডেশন ও ফুড কমিটি, বিবিএস, ঢাকা।
১৬। জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ও আহবায়ক, বিদেশীদের হোটেলে আনা-নেয়ার ব্যবস্থা গ্রহণ কমিটি, বিবিএস, ঢাকা।
১৭। জনাব মোঃ মাসুদ আলম, পরিচালক, বিবিএস, ঢাকা।
১৮। জনাব কবির উদ্দীন আহমেদ, প্রকল্প পরিচালক, বিবিএস, ঢাকা।
১৯। জনাব এ কে এম আশরাফুল হক, প্রকল্প পরিচালক ও আহবায়ক, পাবলিসিটি কমিটি, বিবিএস, ঢাকা।
২০। জনাব কালাচাঁদ সরকার, সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২১। জনাব মোঃ সাহাবুদ্দীন সরকার, উপ-পরিচালক, বিবিএস, ঢাকা।
২২। জনাব মোঃ আলমগীর হোসেন, উপ-পরিচালক, বিবিএস, ঢাকা।
২৩। জনাব মহিউদ্দিন আহমেদ, উপ-পরিচালক, বিবিএস, ঢাকা।
২৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২৫। বেগম তুষিতা চাকমা, সিনিয়র সহকারী সচিব (SAARC & BIMSTEC), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (এ সভার কার্যবিবরণী ওয়েব সাইডে আপলোডের অনুরোধসহ)।
২৭। সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-১ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২৮। অফিস কপি/গার্ড নথি।

০২/০৪/১৮

(কালাচাঁদ সরকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৪
মোবাইল- ০১৯১৬-০৩৪৫১৯
ই-মেইল: info2@sid.gov.bd
kalachandbd@yahoo.com